# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৬৭টি প্রতিষ্ঠানকে ৩.৫২ লক্ষ টাকা জরিমানা

**২৫ জানুয়ারি ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সাভার, চট্টগ্রাম, শেরপুর, নওগাঁ, কুড়িগ্রাম, নাটোর, পাবনা, কুষ্টিয়া, সুনামগঞ্জ, ঝালকাঠি, হবিগঞ্জ, ঝিনাইদহ, খুলনা, চাঁদপুর, পিরোজপুর, ভোলা ও পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে সাভার উপজেলার আশুলিয়া থানা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে হক বেকারীকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা জরিমান আরোপ ও আদায় এবং অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জয় রেস্টুরেন্ট, নাওরী হোটেল এন্ড রেস্টুরেন্ট ও ড্রাগ মিউজিক ক্যাফেকে **১,০০০/- (এক হাজার)** টাকা করে **৩,০০০/- (তিন হাজার)** টাকাসহ মোট **৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর চকবাজার এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মেসার্স কবির স্টোর, মেসার্স ইসমাইল জেনারেল স্টোর, মীম জেনারেল স্টোর ও ভাই ভাই ডিপার্টমেন্টাল স্টোরকে যথাক্রমে **২,০০০/- (দুই হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা ও **৩,০০০/- (তিন হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ডি ক্যাফেকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের পতেঙ্গা থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১৮,৫০০/- (আঠার হাজার পাঁচশত)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ইপিজেড থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুরের শ্রীবর্দী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রাম সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফারুক আহমেদের নেতৃত্বে নাটোরের নলডাঙ্গা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ-দৌলার নেতৃত্বে পাবনার চাটমোহর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির রাজাপুর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের শাহরাস্তি উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুরের কাউখালী উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার বোরহানউদ্দিন উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর দশমিনা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকাসহ মোট **১,৭০,৫০০/- (এক লক্ষ সত্তর হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জি-মার্ট সুপার মার্কেট, Santoor, Cafe Elita, Cafeteria ও চিকেন ভিলেজকে যথাক্রমে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা ও **৫০০/- (পাঁচশত)** টাকা এবং প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে Food Panda কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১৭,০০০/- (সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদনের অপরাধে এস আর ব্যাটারীকে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা প্রদান করা হয়।

সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে এফ আর পোল্ট্রিকে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বিশাল ফাস্ট ফুড এন্ড প্রেস্ট্রিকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৯টি** বাজার তদারকি ও **১৪টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৬৭টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৫২,৫০০/- (তিন লক্ষ বাহান্ন হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১৩ জন** অভিযোগকারীকে মং **৩০,৭৫০/- (ত্রিশ হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা, সিভিল সার্জনের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, প্রাণীসম্পদ কর্মকর্তা, র‍্যাব এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সাভার, চট্টগ্রাম, শেরপুর, নওগাঁ, কুড়িগ্রাম, নাটোর, পাবনা, কুষ্টিয়া, সুনামগঞ্জ, ঝালকাঠি, হবিগঞ্জ, ঝিনাইদহ, খুলনা, চাঁদপুর, পিরোজপুর, ভোলা ও পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, সাভার, চট্টগ্রাম, শেরপুর, নওগাঁ, কুড়িগ্রাম, নাটোর, পাবনা, কুষ্টিয়া, সুনামগঞ্জ, ঝালকাঠি, হবিগঞ্জ, ঝিনাইদহ, খুলনা, চাঁদপুর, পিরোজপুর, ভোলা ও পটুয়াখালী।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।